দৈনিক জনকণ্ঠ

তারিখ 13 NOV 1998
পৃষ্ঠা ৮ কলাম ৪

# নামীদামী স্কুলগুলোতে ভর্তিযুদ্ধ শুরু

জনকণ্ঠ রিপোর্ট

রাজধানীর খ্যাতনামা বেসরকারী স্কুলগুলোতে আবার ভর্তিযুদ্ধ শুরু হয়েছে। সন্তান-সন্ততিকে যে কোনভাবে ভাল স্কুলে ভর্তি করার জন্য অভিভাবকরা উঠে পড়ে লেগেছেন। ভর্তি ফরম কেনার পাশাপাশি বিভিন্ন কোচিংসেন্টারে তাঁরা হন্যে হয়ে ঘুরছেন শিক্ষার্থীদের তৈরি করার জন্য। শুধু একটি বা দু'টি স্কুলের ভর্তি ফরম কিনেই ক্ষান্ত হচ্ছেন না অভিভাবকগণ, যেখানে ফরম ছাড়া হচ্ছে, সেখান থেকেই ফরম কিনছেন। যেসব স্কুলে এখনও ফরম ছাড়েনি সে সব স্কুলেও নিয়মিত যোগাযোগ রাখছেন ভর্তি বিষয়ে বিস্তারিত জানার জন্য। এমনকি, যেসব স্কুলে ইতোমধ্যে ফরম বিক্রি শেষ হয়ে গেছে সেসব স্কুলেও ফরম সংগ্রহ করতে না পারা অভিভাবকরা ছুটে যাচ্ছেন। বৃহস্পতিবার রাজধানীর কয়েকটি খ্যাতনামা স্কুল পরিদর্শনকালে এই প্রতিবেদকের চোখে উপরোল্লিখিত বিষয়গুলো ধরা পড়ে। ভর্তি মৌসুম হিসাবে চলতি নবেম্বর

(২- পৃষ্ঠা ৪-এর কঃ দেখুন)

## নামী-দামী স্কুল

(প্রথম পাতার পর)

মাসের প্রথম থেকেই রাজধানীর খ্যাতনামা স্কুলগুলোতে ভর্তি প্রক্রিয়া শুরু হয়েছে। এ থেকে সবচেয়ে অগ্রগামী ভিকারুননিসা নূন স্কুল। দেশের সবচেয়ে নামী এই স্কুলটিতে এ বছর শুধুমাত্র প্রথম শ্রেণীতে ৬০০ ছাত্রী ভর্তি করা হবে। পয়লা নবেম্বর থেকে ৫ নবেম্বর পর্যন্ত ফরম বিক্রি করা হয়েছে। ভিকারুননিসা কলেজ ও স্কুলের প্রিন্সিপাল অধ্যক্ষা হামিদা আলী জানান, ৬০০ সিটের জন্য ৪ হাজার আবেদনপত্র জমা পড়েছে। এখনও অনেকে ফরম নেয়ার চেষ্টা করছেন। কিন্তু সে সুযোগ আর নেই। এই স্কুলের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী জানুয়ারির প্রথম সপ্তাহে। বর্তমানে ফরম বিতরণ চলছে হলিক্রস ও সেন্ট যোশেফ স্কুলে। হলিক্রসের ফরম বিতরণ শুরু হয়েছে ৩০ অক্টোবর থেকে। বিতরণ করা হবে ৩০ নবেম্বর পর্যন্ত। এই স্কুলে প্রথম শ্রেণীতে ও ৬ষ্ঠ শ্রেণীতে যথাক্রমে ৯৫টি করে আসন রয়েছে। ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ১১ ও ১২ ডিসেম্বর। গত ৮ নবেম্বর থেকে শুরু হয়ে আগামী ২১ নবেম্বর পর্যন্ত ফরম বিতরণ চলবে সেন্ট যোশেফ স্কুলের। এই স্কুলে শুধুমাত্র ৩য় শ্রেণীতে ১১০টি আসন রয়েছে। ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ১১ ডিসেম্বর। আইডিয়াল স্কুলের ফরম বিতরণ শুরু হবে ডিসেম্বর মাসের ২য় সপ্তাহে। শিক্ষক আবুল কালাম আজাদ জানান, স্কুলের মতিঝিল ও বনশ্রী উভয় শাখায়ই একই সাথে ছাত্র ভর্তি করা হবে। এই স্কুলে ১ম, ২য় ও ৩য় শ্রেণীতে ছাত্র ভর্তি করা হবে। স্কুলের গবর্নিং বডির সভায় সিদ্ধান্ত নেয়া হবে আসন সংখ্যার ব্যাপারে। উদয়ন স্কুলের ফরম বিতরণ এখনও শুরু হয়নি। আগামী ১৬ থেকে ২৬ নবেম্বর পর্যন্ত ফরম বিতরণ চলবে। প্রথম শ্রেণীতে ১৫০টি আসনের জন্য ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ১০ ডিসেম্বর।

রাজধানীতে অনেক বেসরকারী স্কুল থাকলেও ভর্তি যুদ্ধ চলবে মূলত ডজনখানেক স্কুলের মধ্যে। মাত্র কয়েকটি স্কুলের মধ্যে এ ভর্তিযুদ্ধ প্রসঙ্গে অধ্যক্ষা হামিদা আলী বলেন, রাজধানীর শিক্ষা প্রতিষ্ঠানগুলোর সার্বিক উন্নয়ন না ঘটলে দু' একটি স্কুলের পিছনেই অভিভাবকরা ঘুরবেন। তিনি বলেন, নতুন স্কুল প্রতিষ্ঠার কথা আমি বলব না বরং যে সব স্কুল বিদ্যমান রয়েছে সেগুলোর উন্নয়নে পদক্ষেপ নিতে হবে।

চলমান 'ভর্তি যুদ্ধ' মূলত প্রথম পর্বের। দ্বিতীয় পর্বে রয়েছে সরকারী স্কুলের ভর্তি যুদ্ধ। রাজধানীর ২৪টি সরকারী স্কুলে ফরম বিতরণের তারিখ এখনও ঠিক হয়নি।